দৈনিক বাংলা

তারিখ 31 DEC 1996
পৃষ্ঠা ৫ কলাম ১

# প্রাথমিক বিদ্যালয়ের বই বিতরণ

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের আওতাধীনে ১৯৯৭ শিক্ষাবর্ষে দেশের প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য মোট ৬,১৭,৭৩,০০০ নতুন বই মুদ্রণ ও সরবরাহের কাজ সম্পন্ন হয়েছে। আগামী পয়লা জানুয়ারী থেকে ছাত্রছাত্রীদের মধ্যে এই বই বিতরণ শুরু হবে।

শিক্ষা বছরের একেবারে প্রথমদিনই ছাত্রছাত্রীদের মধ্যে বই বিতরণের ব্যবস্থা নিঃসন্দেহে প্রশংসনীয়। এতে যেমন ছাত্রছাত্রীরা আনন্দিত হবে তেমনি অভিভাবক ও শিক্ষকরাও খুশি হবেন। প্রায় প্রতিবছরই বই সংগ্রহ করা নিয়ে তাদের মনে যে উদ্বেগ সৃষ্টি হয় এবারে তা হবে না। সবচাইতে বড় কথা শিক্ষা বছরের একেবারে গোড়া থেকেই পঠন–পাঠন শুরু করার অনুকূল পরিস্থিতি সৃষ্টি হবে— অতীতে যা বড় একটা হয়ে উঠেনি।

বছরের গোড়াতেই নতুন বই বন্টনের ব্যবস্থা করায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অভিনন্দন জানাতে হয়। এর আগে কোন কোন বছর বই বিতরণ নিয়ে যে সব কান্ডকারখানা ঘটেছে আশা করা যায়, এবারে তার পুনরাবৃত্তি হবে না। প্রাথমিক বা মাধ্যমিক স্তরের নতুন পাঠ্যবই প্রকাশনা, সরবরাহ ও বিতরণকে কেন্দ্র করে অতীতে অনেক অপ্রীতিকর ঘটনা ঘটেছে। যথাসময়ে তো নয়ই, এমনকি কোন কোন বছর কোন কোন বই এপ্রিল মাসের আগে বিতরণ করা হয়নি। কোন কোন বই কালোবাজারে বিক্রি হয়েছে। কোন কোন বছর ছাত্রছাত্রীরা এমন কি তাদের অভিভাবকরা বই–এর দাবীতে মিছিল করেছেন।

সন্দেহ নেই, এ বছরে ঐ ধরনের কোন ঝামেলা সৃষ্টি হবে না। তা সত্ত্বেও নতুন বই বিতরণের বিষয়টি যাতে সুষ্ঠুভাবে সম্পন্ন হয় তার নিশ্চতা বিধানের জন্য আমরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আবেদন জানাচ্ছি। তাদের যথাসময়ে সুদূর মফস্বল এমনকি প্রত্যন্ত এলাকায় বই পৌঁছে দেবার এবং সুষ্ঠুভাবে বিতরণের ব্যবস্থা করতে হবে। বই বিতরণে যাতে কোন অঘটন না ঘটে এ ব্যাপারে যাতে কোন দুর্নীতি মাথাচাড়া দিয়ে না উঠে সেদিকে তীক্ষ্ণ দৃষ্টি রাখতে হবে।